

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূসক অনুবিভাগ]

সাধারণ আদেশ নং-১২/মূসক/২০১৫ তারিখঃ ১৭ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ/০১ জুলাই, ২০১৫খ্রিঃ।

মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের ০৫ জুন, ২০১৪ খ্রিঃ তারিখের সাধারণ আদেশ নং- ০৩/মূসক/২০১৪ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত আদেশের-

- (ক) অনুচ্ছেদ-১ এ উল্লিখিত “লিমিটেড কোম্পানী” শব্দগুলির পর “, ১(এক) কোটি টাকার অধিক বার্ষিক টার্নওভারযুক্ত প্রতিষ্ঠান” কমা, সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি সন্নিবেশিত হইবে;
- (খ) অনুচ্ছেদ ২ এর টেবিলের ক্রমিক নং ১৮ এর কলাম (২) উল্লিখিত সেবার কোড-S০৩৭.০০ এর অধীন কলাম (৩) এ উল্লিখিত সেবার শিরনামা-যোগানদার (Procurement Provider) এর বিপরীতে কলাম (৪) এ উল্লিখিত মূসক উৎসে কর্তনের হার “৪%” সংখ্যা ও চিহ্ন এর পরিবর্তে “৫%” সংখ্যা ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে।
- (গ) অনুচ্ছেদ-২ এর উপ-অনুচ্ছেদ (২) এ উল্লিখিত “লিমিটেড কোম্পানী” শব্দগুলির পর “, ১(এক) কোটি টাকার অধিক বার্ষিক টার্নওভারযুক্ত প্রতিষ্ঠান” কমা, সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি সন্নিবেশিত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(শামীমা আক্তার)
দ্বিতীয় সচিব (মূসক-বাস্তবায়ন)